# সুখবরের কাহিনী পুস্তক

## ছয়



এটা আমার সুখবরের কাহিনী পুস্তক ছয়
আমার নাম

---

আমি আমার সুখবরের কাহিনী পুস্তক
ছয় পড়তে পারি৷

এই কাহিনীগুলি সৃষ্টিকর্তা ঈশ্বরের পবিত্র পুস্তক থেকে নেওয়া হয়েছে৷
এই কাহিনী পুস্তকের সমস্ত ছবিগুলি ভারতের আদিবাসী বাচ্চাদের আঁকা৷
সুখবরের কাহিনী পুস্তক ছয়৷ গ্রন্থস্বত্ব 2013 | ভারতে মুদ্রিত৷ অধিক জানতে হলে যোগাযোগ করুন:
WBTC India, P.O. Box 8478, Bangalore 560084. Email: info@wbtcindia.com



যীশু সুস্থ করেন........................................2-15
আমি মুক্ত..............................................16-21
যীশু উদ্ধার করেন.................................22-34
যীশু জীবিত..........................................36-40

# যীশু সুস্থ করেন

আর এক দিন, আর এক সময়,
আর এক জায়গায়৷

আমি একটি ছোট্ট মেয়েকে দেখতে পাচ্ছি৷

ঐ ছোট্ট মেয়েটির বয়স বারো বছর৷

ঐ ছোট্ট মেয়েটি খুব, খুব, খুব অসুস্থ৷

ছোট্ট মেয়েটির মরে যাওয়ার মতো অবস্থা৷







ছোট্ট মেয়েটির এক বাবা আছে৷

তার নাম যায়ীর৷

আমি দেখতে পাচ্ছি যায়ীর নগরে যাচ্ছে৷

তাড়াতাড়ি...তাড়াতাড়ি...তাড়াতাড়ি
করুন...আপনার মেয়ে মারা যাচ্ছে৷

আমি দেখতে পাচ্ছি যায়ীর যীশুর
পায়ের উপর পড়ছে৷

আমি শুনতে পাচ্ছি যীশুকে যায়ীর বলছে,


‘দয়া করে আমার বাড়ীতে আসুন৷
আমার ছোট্ট মেয়েটা মারা যাচ্ছে৷

ওকে স্পর্শ করুন তাহলে ও সুস্থ হয়ে উঠবে৷

ওকে স্পর্শ করুন তাহলে ও বেঁচে উঠবে৷’








আমি দেখতে পাচ্ছি যীশু ও
যায়ীর যায়ীরের বাড়ীর দিকে যাচ্ছেন৷

অপেক্ষা করো ছোট্ট মেয়ে,
সৃষ্টিকর্তা ঈশ্বর আসছেন...

এখন আমি এক মহিলাকে দেখতে পাচ্ছি।

সে খুব অসুস্থ।
সে পরিবার থেকে বিতাড়িতা।

আমি শুনতে পাচ্ছি ঐ
অসুস্থ মহিলা নিজেকে বলছে,

‘যদি আমি কেবলমাত্র যীশুকে ছুঁতে পারি
আমি সুস্থ হবোই।’







তারপর এটা ঘটল!


ঐ খুব অসুস্থ মহিলা যীশুকে ছুঁয়েছে।

আমি দেখতে পাচ্ছি যীশু হাঁটতে
হাঁটতে থেমে গেলেন।

আমি শুনতে পাচ্ছি যীশু বলছেন,
‘কে আমাকে স্পর্শ করল?’







অনেক লোক শুনছে...শুনছে...শুনছে...।

আমি শুনতে পাচ্ছি ঐ
খুব অসুস্থ মহিলা বলছে,

‘যীশুকে একবার ছুঁলেই
আমি সুস্থ হয়ে যাব!’







অপেক্ষা করো ছোট্ট মেয়ে,
সৃষ্টিকর্তা ঈশ্বর আসছেন...

তারপর এটা ঘটল...







আমি শুনতে পাচ্ছি একটি
লোক যায়ীরকে বলছে,
'আপনার মেয়ে মারা গেছে।'

আমি শুনতে পাচ্ছি
যীশু যায়ীরকে বলছেন,

'দুঃখিত হোয়ো না, আমি যীশু।

তোমার ছোট্ট মেয়ে বেঁচে উঠবে!'

আমি দেখতে পাচ্ছি যীশু ও যায়ীর
যায়ীরের বাড়ীর ভিতরে ঢুকলেন|

আমি শুনতে পাচ্ছি,
মৃত ছোট্ট মেয়েটিকে যীশু বলছেন,


‘ছোট্ট মেয়ে, ওঠ!’

আমি দেখতে পাচ্ছি
ছোট্ট মেয়েটি উঠছে!

ছোট্ট মেয়েটি বেঁচে গেল!









যীশুই চিরকাল ও সর্বদাই জীবনস্বরূপ|

অন্ধকার দূর করতে কেবলমাত্র
যীশুরই ক্ষমতা আছে|

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!

# আমি মুক্ত

আর এক দিন, আর এক সময়,
আর এক জায়গায়৷

আমি দেখতে পাচ্ছি যীশু
এবং তাঁর অনুগামীরা নদী
পেরিয়ে যাচ্ছেন৷

আমি দেখতে পাচ্ছি শুয়োরগুলো
নদীর ধারে দাঁড়িয়ে আছে৷







আমি একজন মানুষকে দেখতে পাচ্ছি৷

মানুষটার ভিতরে অনেক
মন্দ আত্মা ভর করে আছে৷

আমি শুনতে পাচ্ছি যীশু মানুষটার
ভিতরের অনেক মন্দ আত্মাকে বলছেন,

‘এই মানুষের ভিতর থেকে বেরিয়ে
এসে নদীর ধারে দাঁড়িয়ে থাকা
শুয়োরগুলোর মধ্যে যাও৷’

আমি দেখতে পাচ্ছি অনেক মন্দ আত্মা
এই মানুষের ভিতর থেকে বেরিয়ে এসে
নদীর ধারে দাঁড়িয়ে থাকা শুয়োরগুলোর
মধ্যে ঢুকে যাচ্ছে।

আমি দেখতে পাচ্ছি শুয়োরগুলো দৌড়ে
নদীর মধ্যে যাচ্ছে।

শুয়োরগুলো মরে গেল।







আমি শুনতে পাচ্ছি লোকটা যীশুর
উদ্দ্যেশে গান গাইছে।

আমি শুনতে পাচ্ছি যীশু
লোকটাকে বলছেন,

‘যাও এবং সৃষ্টিকর্তা ঈশ্বর তোমার জন্য
যা করেছেন তা সকলকে বলো।’

আমি শুনতে পাচ্ছি লোকটা সবাইকে বলছে,

‘যীশু মন্দ আত্মাদের আমার ভিতর
থেকে বেরিয়ে আসতে বললেন।

মন্দ আত্মারা আমার ভিতর
থেকে বেরিয়ে এলো।

যীশু আমাকে মুক্ত করেছেন।’







যীশুই জগতের আলো।

অন্ধকার দূর করতে কেবলমাত্র
যীশুরই ক্ষমতা আছে।

সৃষ্টিকর্তা ঈশ্বর এখানে!

# যীশু উদ্ধার করেন

সময় কেটে গেল।

এই রাত অন্ধকার...
খুব, খুব, খুব অন্ধকার।





আমি শুনতে পাচ্ছি যীশু তাঁর
অনুগামীদের বলছেন,


'এখনই সময় এসেছে,তুমি যত মন্দ
কাজ করেছ তার জন্য রক্তের বলিদান
স্বরূপ আমার জীবন দেওয়ার।

তোমাকে দেওয়া আমার শাস্তি আমি
তুলে নেব। আমি অন্ধকার দূর করব।

আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে
বলতে শুনতে পাচ্ছি।'

সময় কেটে গেল।

আমি দেখতে পাচ্ছি সৈন্যরা যীশুকে
একটা ক্রুশকাঠে পেরেকবিদ্ধ করছে।







আমি দেখতে পাচ্ছি
যীশুর রক্ত ভূমিতে
ঝরে...ঝরে...ঝরে পড়ছে।

আমি দেখতে পাচ্ছি যীশু একটা
ক্রুশকাঠের উপর ঝুলছেন।


আমি শুনতে পাচ্ছি যীশু বলছেন,

‘আমি তবুও তোমাকে ভালোবাসি।
আমি তোমাকে উদ্ধার করব।
তুমি আমাকে পাবে।

আমি তোমায় ক্ষমা করি। আমি তোমায়
আমার জীবন দিই।’








আমি দেখতে পাচ্ছি যীশু মারা গেলেন।

এই দিন অন্ধকার...
খুব, খুব, খুব অন্ধকার৷

আমি দেখতে পাচ্ছি যীশুর অনুগামীরা তাঁর মৃতদেহ একটা কবরের কাছে নিয়ে যাচ্ছে৷

যীশুকে কবর দেওয়া হল৷







সময় কেটে গেল৷

আমি দেখতে পাচ্ছি
যীশুর কবর শূণ্য!

যীশুর দেহ কোথায়?







আমি শুনতে পাচ্ছি এক
ভালো আত্মা যীশুর
অনুগামীদের বলছে,

‘যীশু চিরকাল ও সর্বদাই জীবিত!’

আমি যীশুকে দেখতে পাচ্ছি। তিনি জীবিত!






আমি শুনতে পাচ্ছি যীশু তাঁর
অনুগামীদের বলছেন,

‘যাও, সব জায়গায় সমস্ত জাতি,
সমস্ত মানুষকে সুখবর জানাও।

আমি তোমাদের ভালোবাসি।
আমি মরেছিলাম, কিন্তু এখন আমি
জীবিত, তোমাদের চিরকাল ও সর্বদাই
উদ্ধার করতে।’

আমি দেখতে পাচ্ছি যীশু আকাশের
মধ্যে উপরে উঠে...উঠে...উঠে যাচ্ছেন।





# যীশু জীবিত

অনেক বছর কেটে গেছে৷

আমি একজন পুরুষকে দেখতে পাচ্ছি৷

ওঁর নাম যোহন৷

আমি শুনতে পাচ্ছি যোহন বলছেন,

‘আমি দেখতে পাচ্ছি উপরে আকাশে যীশু৷
তাঁর চোখগুলি আগুনের গোলার মতো!’







আমি দেখতে পাচ্ছি যীশু একটি সাদা
ঘোড়ায় চেপে আসছেন৷

তাঁর নাম ঈশ্বরের বাক্য৷

আমি দেখতে পাচ্ছি যীশুর বস্ত্রে এই
কথাটি লেখা আছে,

রাজাধিরাজ এবং প্রভুদের প্রভু!

আমি শুনতে পাচ্ছি সমস্ত জাতির
লোকেরা যীশুর উদ্দ্যেশে গান গাইছে৷

আমি শুনতে পাচ্ছি সমস্ত আত্মা যীশুর
উদ্দ্যেশে গান গাইছে৷

আমি শুনতে পাচ্ছি সব কিছুই যীশুর
উদ্দ্যেশে গান গাইছে৷







আমি সৃষ্টিকর্তা ঈশ্বরকে বলতে শুনতে পাচ্ছি,

‘আমার লোকেরা চিরকাল ও সর্বদার
জন্য উদ্ধার পেয়েছে৷

কোনো মৃত্যু নেই৷ কোনো চোখের জল নেই৷

কোনো দুঃখ নেই৷ কোনো যন্ত্রণা নেই৷

আমি সবকিছুই নতুন সৃষ্টি করেছি৷’

আমি শুনতে পাচ্ছি যীশু বলছেন,

‘দেখ,আমি খুব তাড়াতাড়ি ফিরে আসছি।

আমিই অনন্ত।
আমিই যীশু। আমি তোমাকে ভালোবাসি।

আমি তোমাকে চিরকাল ও সর্বদার
জন্য উদ্ধার করেছি।’

